

২০ বীর

রাঙ্গামাটি সেনানিবাস

তারালাপনী : সামরিক ২১৫৮

২৩.০১.৯৩১.৩৫৪.০৪.২২৯.০১.০৯.০২.২১

৩০ ফেব্রুয়ারি ২০২১

সাধারণ নির্দেশিকা - বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এর ডিজিটাল ম্যারাথন অংশে বিভিন্ন ফরমেশন এবং সংস্থার মাধ্যমে বেসামরিক ব্যক্তিদের অংশগ্রহণ প্রসঙ্গে

বরাতঃ

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা স্মারক নম্বর ০৪.০০.০০০০.৫১২.২৩.০৯৯.২০.৩৭ তারিখ ১৮ জানুয়ারি ২০২১।

খ। সদর দপ্তর ৩০৫ পদাতিক ব্রিগেড পত্র নং ২৩.০১.৯৩১.১৩৬.০১.০৯৬.০১.২১.০১.২১ তারিখ ২১ জানুয়ারি ২০২১।

১। **সাধারণ।** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষে বিগত ১৭ মার্চ ২০২০ তারিখ হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত বছরব্যাপী 'মুজিব বর্ষ' যথাযোগ্য মর্যাদায় জাতীয়/আন্তর্জাতিকভাবে উদ্‌যাপন করা হচ্ছে। এরই অংশ হিসেবে বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ১০ জানুয়ারি ২০২১ তারিখ হতে বাংলাদেশ সেনাবাহিনীর আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১ পরিচালিত হচ্ছে। উক্ত ডিজিটাল ম্যারাথন (৫ কিঃ মিঃ, ১০ কিঃ মিঃ, ২১.০৯৭ কিঃ মিঃ, ৪২.১৯৫ কিঃ মিঃ) প্রতিযোগিতায় ১০ লক্ষ জনতার অংশগ্রহণের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সার্বিক বিষয় বিবেচনা করে ডিজিটাল ম্যারাথনের ৫ কিঃ মিঃ বিভাগেই সর্বাধিক সংখ্যক জনবল অংশগ্রহণ সম্ভব বলে প্রতীয়মান হয়। এমতাবস্থায় সদর দপ্তর ২৪ পদাতিক ডিভিশনের নির্দেশনা অনুযায়ী ডিজিটাল ম্যারাথন (৫ কিঃ মিঃ) Mobile Apps এর মাধ্যমে অত্র জোনের আওতাধীন অসামরিক দায়িত্বপূর্ণ এলাকার বেসামরিক সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে।

২। **উদ্দেশ্য।** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এর ডিজিটাল ম্যারাথন অত্র জোনের আওতাধীন দায়িত্বপূর্ণ এলাকার বেসামরিক সদস্যদের অংশগ্রহণ এর মাধ্যমে সফলভাবে সম্পন্ন করার জন্য বিস্তারিত নির্দেশনা প্রণয়ন করা।

৩। **কার্যসম্পাদন।** চলমান করোনা পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে অত্র জোনের আওতাধীন এলাকায় বেসামরিক সদস্যদের সমন্বয়ে কেন্দ্রীয়ভাবে রাঙ্গামাটি জোনের ব্যবস্থাপনায় ডিজিটাল ম্যারাথন ২০২১ পরিচালনা করা হবে। উল্লেখ্য বর্ণিত ডিজিটাল ম্যারাথন Mobile Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হবেঃ

ক। রাঙ্গামাটি জোনের (রাঙ্গামাটি সদর এবং বরকল উপজেলা) আওতাধীন এলাকায় বসবাসরত বেসামরিক সদস্যদের সমন্বয়ে (পাঁচটি পর্বে) যথাক্রমে আগামী ১৮, ২০, ২২, ২৪ এবং ২৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ এবং কাউখালী উপজেলায় ৩টি পর্বে যথাক্রমে আগামী ১৬, ১৯, ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সর্বমোট ৯,০০০ জনবলের অংশগ্রহণে বিষয়োক্ত ম্যারাথন সম্পন্ন করা হবে। এক্ষেত্রে বেসামরিক প্রশাসন ও বিভিন্ন সংস্থা তাদের নিজস্ব প্রচারণার মাধ্যমে ডিজিটাল ম্যারাথন-২০২১ এর অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে নিম্নোক্তভাবে প্রচারণা করতে পারেঃ

- (১) নিজস্ব ডিস/টিভি চ্যানেল এবং মাইকিং এর মাধ্যমে প্রচার।
- (২) নিজস্ব ব্যবস্থাপনায় প্রচারের মাধ্যমে উৎসাহিত করা।
- (৩) প্রয়োজনীয় পোস্টার, ব্যানার এবং প্যানাফ্লেক্স এর মাধ্যমে উৎসাহিত করা।
- (৪) দায়িত্বপূর্ণ এলাকার স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে।

৪। মোবাইল অ্যাপস, রেজিস্ট্রেশন ও ওয়েব সাইটের তথ্য অনুসন্ধান। বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১ সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য এর ওয়েব সাইট (www.dhakamarathon.com.bd) ভিজিট করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এছাড়াও রেজিস্ট্রেশন এবং অ্যাপস ব্যবহারের তথ্যাদি নিম্নরূপঃ

ক। রেজিস্ট্রেশনের জন্য নাম, জন্ম তারিখ, ঠিকানা, পোষ্ট কোড, মোবাইল নম্বর, মেইল অ্যাড্রেস, জাতীয় পরিচয়পত্র নম্বর ইত্যাদি প্রয়োজন।

খ। ৫ কিঃমিঃ এর জন্য ১০০ টাকা এবং ৫ কিঃ মিঃ এর অধিকের জন্য ২০০ টাকা পরিশোধ করতে হবে।

গ। রেজিস্ট্রেশন শেষে অ্যাপস ডাউনলোড করতে হবে।

ঘ। বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল ম্যারাথন ২০২১ এ অংশগ্রহণের সময় অবশ্যই সকলের মোবাইলের ইন্টারনেট/ডাটা অন রাখতে হবে।

ঙ। ডিজিটাল ম্যারাথনের জন্য ব্যবহৃত মোবাইল অ্যাপস অথবা অন্য কোন টেকনিক্যাল বিষয়াদির জন্য লেঃ কর্ণেল খন্দকার আবু সহল আব্দুল্লাহ, পিএসসি, চীফ এক্সিকিউটিভ অফিসার (সিইও), ট্রাষ্ট ইনোভেশন লিমিটেড (মোবাইল নম্বর ০১৭৬৯-০১৯০৬৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৫। বেসামরিক ব্যক্তিদের পর্ব অনুযায়ী অংশগ্রহণের তারিখ, রেজিস্ট্রেশন সম্পন্নের তারিখ, রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নামীয় তালিকা প্রেরণের তারিখঃ বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল ম্যারাথন ২০২১ এ অংশগ্রহণের নিমিত্তে নিম্নেবর্ণিত ছক অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

ক্রমিক	উপজেলা/পৌরসভার নাম	ম্যারাথনে অংশগ্রহণের তারিখ	পর্ব	পর্ব অনুযায়ী অংশগ্রহণের জনবল	রেজিস্ট্রেশন সম্পন্নের তারিখ	রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নামীয় তালিকা প্রেরণের তারিখ	মন্তব্য
১।	রাঙ্গামাটি পৌরসভা	১৮ ফেব্রুয়ারি ২০২১	১ম	৮০০	১৩ ফেব্রুয়ারি ২০২১	১৪ ফেব্রুয়ারি ২০২১	
		২০ ফেব্রুয়ারি ২০২১	২য়	১২০০	১৫ ফেব্রুয়ারি ২০২১	১৬ ফেব্রুয়ারি ২০২১	
		২২ ফেব্রুয়ারি ২০২১	৩য়	৪০০	১৮ ফেব্রুয়ারি ২০২১	১৯ ফেব্রুয়ারি ২০২১	
		২৪ ফেব্রুয়ারি ২০২১	৪র্থ	৩০০	২০ ফেব্রুয়ারি ২০২১	২১ ফেব্রুয়ারি ২০২১	
		২৭ ফেব্রুয়ারি ২০২১	৫ম	৩০০	২৩ ফেব্রুয়ারি ২০২১	২৪ ফেব্রুয়ারি ২০২১	
২।	রাঙ্গামাটি সদর উপজেলা	১৮ ফেব্রুয়ারি ২০২১	১ম	১০০০	১৩ ফেব্রুয়ারি ২০২১	১৪ ফেব্রুয়ারি ২০২১	
		২০ ফেব্রুয়ারি ২০২১	২য়	৫০০	১৫ ফেব্রুয়ারি ২০২১	১৬ ফেব্রুয়ারি ২০২১	
		২২ ফেব্রুয়ারি ২০২১	৩য়	৫০০	১৮ ফেব্রুয়ারি ২০২১	১৯ ফেব্রুয়ারি ২০২১	
		২৪ ফেব্রুয়ারি ২০২১	৪র্থ	৫০০	২০ ফেব্রুয়ারি ২০২১	২১ ফেব্রুয়ারি ২০২১	
		২৭ ফেব্রুয়ারি ২০২১	৫ম	৫০০	২৩ ফেব্রুয়ারি ২০২১	২৪ ফেব্রুয়ারি ২০২১	

সীমিত

ক্রমিক	উপজেলা/পৌরসভার নাম	ম্যারাথনে অংশগ্রহণের তারিখ	পর্ব	পর্ব অনুযায়ী অংশগ্রহণের জনবল	রেজিস্ট্রেশন সম্পন্নতার তারিখ	রেজিস্ট্রেশন করতঃ নামীয় তালিকা প্রেরণের তারিখ	সম্পন্ন নামীয় প্রেরণের তারিখ	মন্তব্য
৩।	বরকল উপজেলা	১৮ ফেব্রুয়ারি ২০২১	১ম	৩০০	১৩ ফেব্রুয়ারি ২০২১	১৪ ফেব্রুয়ারি ২০২১		
		২০ ফেব্রুয়ারি ২০২১	২য়	১০০	১৫ ফেব্রুয়ারি ২০২১	১৬ ফেব্রুয়ারি ২০২১		
		২২ ফেব্রুয়ারি ২০২১	৩য়	১০০	১৮ ফেব্রুয়ারি ২০২১	১৯ ফেব্রুয়ারি ২০২১		
		২৪ ফেব্রুয়ারি ২০২১	৪র্থ	১০০	২০ ফেব্রুয়ারি ২০২১	২১ ফেব্রুয়ারি ২০২১		
		২৭ ফেব্রুয়ারি ২০২১	৫ম	২০০	২৩ ফেব্রুয়ারি ২০২১	২৪ ফেব্রুয়ারি ২০২১		
৪।	কাউখালী উপজেলা	১৬ ফেব্রুয়ারি ২০২১	১ম	৮০০	১৩ ফেব্রুয়ারি ২০২১	১৪ ফেব্রুয়ারি ২০২১		
		১৯ ফেব্রুয়ারি ২০২১	২য়	৬০০	১৫ ফেব্রুয়ারি ২০২১	১৬ ফেব্রুয়ারি ২০২১		
		২৩ ফেব্রুয়ারি ২০২১	৩য়	৬০০	১৮ ফেব্রুয়ারি ২০২১	১৯ ফেব্রুয়ারি ২০২১		

নোটঃ

১। বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি সরকারি কলেজ, লেকার্স পাবলিক স্কুল এন্ড কলেজ, রাঙ্গামাটি পাবলিক কলেজ, রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ, রাঙ্গামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাঙ্গামাটি সরকারি উচ্চ বিদ্যালয়, আব্দুল আলী একাডেমী এবং রানী দয়াময় উচ্চ বিদ্যালয়ের আগ্রহী ও উপযুক্ত শিক্ষার্থীগণ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে রাঙ্গামাটি সদর জোনের সাথে সমন্বয় পূর্বক নির্ধারিত তারিখ সমূহে অংশগ্রহণ করবেন।

২। জেলা ক্রীড়া সংস্থার আওতাভুক্ত বিভিন্ন ক্লাব ও সংগঠনসমূহ রাঙ্গামাটি সদর জোনের সাথে সমন্বয় পূর্বক নির্ধারিত তারিখ সমূহে অংশগ্রহণ করবেন।

৬। **রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নামীয় তালিকা প্রেরণঃ** আপনাদের সংস্থার অনুকূলে বরাদ্দকৃত জনবলের রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নিম্নবর্ণিত ছক মোতাবেক নামীয় তালিকা অত্র ইউনিটের অনুকূলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোভিড-১৯ এ আক্রান্ত ব্যক্তিবর্গদের রেজিস্ট্রেশন ও অংশগ্রহণে নিরুৎসাহিত করা হলোঃ

ক্রমিক	রেজিস্ট্রেশন নাম	রেজিস্ট্রেশন আইডি	মোবাইল নাম্বার (এয়ারটেল/রবি নাম্বার আবশ্যিক)	মন্তব্য
--------	------------------	-------------------	---	---------


৭। **মোবাইল চার্জঃ** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এ অংশগ্রহণকারী সদস্যদের ব্যবহারকৃত মোবাইলের চার্জ ৪০% এর নিচে হলে Mobile Apps Open হবে না।

৮। **উপস্থিত হওয়ার সময়ঃ** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এ অংশগ্রহণের নিমিত্তে (রাঙ্গামাটি সদর ও বরকল উপজেলা) পর্ব অনুযায়ী নির্ধারিত তারিখে ১৪০০ ঘটিকার মধ্যে সাপছড়ি উচ্চ বিদ্যালয়, সাপছড়ি (মানিকছড়ি হতে খাগড়াছড়ি রোড) এবং কাউখালী উপজেলার অংশগ্রহণকারীগণ পর্ব অনুযায়ী ১৬ ও ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখ ১৪০০ ঘটিকায় এবং ১৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ ০৯০০ ঘটিকার মধ্যে রাজানগর, বগাবিল ব্রীজে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৯। **পোশাক।** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ডিজিটাল ম্যারাথন ২০২১ এ অংশগ্রহণকারী সদস্যগণ ট্র্যাকসুট এবং কেডস্ (টি শার্ট রিজিয়ন হতে সরবরাহ করা হবে) অথবা ম্যারাথনের জন্য উপযুক্ত পোশাক পরিধান করবে।

সীমিত

- ১০। **নিরাপত্তা।** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ডিজিটাল ম্যারাথন ২০২১ চলাকালীন বেসামরিক প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ফোর্স মোতায়েন করা হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে অংশগ্রহণকারী সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করা হবেঃ
- ক। **প্রকাশ্য/বাহ্যিক নিরাপত্তা (Overt Sy)।** প্রকাশ্য/বাহ্যিক নিরাপত্তা ব্যবস্থা সশস্ত্র সেনাদল এবং পুলিশ কর্তৃক নিশ্চিত করা হবে। যাত্রাপথে প্রয়োজনীয় সংখ্যক আরপি/এমপি/পুলিশ এবং স্কট মোতায়েন করে প্রকাশ্য নিরাপত্তা নিশ্চিত করা হবে।
- খ। **আবৃত নিরাপত্তা (Covert Sy)।** প্রয়োজন অনুযায়ী অত্র জোনের এবং অন্যান্য গোয়েন্দা সংস্থার মাঠকর্মী দ্বারা আবৃত নিরাপত্তা নিশ্চিত করা হবে।
- ১১। **চিকিৎসা সহায়তা।** উক্ত ম্যারাথন চলাকালীন সময়ে রাঙ্গামাটি রুমা সিএমএইচ এবং সিভিল সার্জন, রাঙ্গামাটি এ্যাম্বুলেন্সসহ মেডিকেল সহায়তা প্রদান করবে।
- ১২। **পিত্র ইকুপমেন্ট।** ১০১ বিএসসি/১১৫ বিএসসি প্রয়োজনীয় পিত্র ইকুপমেন্ট এর মাধ্যমে সহায়তা প্রদান করবে।
- ১৩। **প্রশাসন।** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ডিজিটাল ম্যারাথন-২০২১ সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে সম্পন্ন করার জন্য সকল প্রকার প্রশাসনিক ব্যবস্থাপনা অত্র জোন সদর কর্তৃক ব্যবস্থা করা হবে।
- ১৪। **মেডেল।** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ডিজিটাল ম্যারাথন-২০২১ এ অংশগ্রহণকারীদের রিজিয়ন কর্তৃক মেডেল প্রদান করা হবে।
- ১৫। **চা চক্রঃ** বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ডিজিটাল ম্যারাথন-২০২১ সম্পন্ন হওয়ার পর অত্র জোনের প্রশিক্ষণ মাঠে অংশগ্রহণকারী ব্যক্তিদের জন্য বিশেষ চা চক্রের ব্যবস্থা করা হবে।
- ১৬। **ভিডিও/স্থিরচিত্র।** বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল ম্যারাথন - ২০২১ এর বেসামরিক এলাকায় চলাকালীন সদর দপ্তর ৩০৫ পদাতিক ব্রিগেড এবং অত্র জোন কর্তৃক স্থিরচিত্র ধারণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৭। **মিডিয়া/সাংবাদিক।** বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল ম্যারাথন - ২০২১ এর মিডিয়া কভারের জন্য সদর দপ্তর ৩০৫ পদাতিক ব্রিগেড এর ইন্ট শাখা সমন্বয় করবে।
- ১৮। **উপসংহার।** মুজিব বর্ষে আয়োজিতব্য ডিজিটাল ম্যারাথনকে সুষ্ঠুভাবে সম্পন্ন এবং সাফল্যমণ্ডিত করার নিমিত্তে সকলকে উদ্বুদ্ধ/উৎসাহ/অনুপ্রেরণা করার মাধ্যমেই সম্ভবপর হবে বলে প্রতীয়মান।




মোঃ আব্দুর রাজ্জাক
মেজর
পক্ষে অধিনায়ক

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৩/০২/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র কলেজের আগ্রহী ছাত্র-ছাত্রীদের সংযুক্ত পত্র মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১ এর ডিজিটাল ম্যারাথন অংশে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া গেল।



অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা